# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫০৫৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৪৬০ তারিখ: ১০-০৪-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৮-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৪১৯২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন বঙ্গবন্ধু পেশাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব কার্তিক সরকার একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১০-০৪-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৫০৫৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৪৬০ (৬) তারিখ: ১০-০৪-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
৪। প্রধান শিক্ষক, বঙ্গবন্ধু পেশাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়, নগরঘাটা, তালা, সাতক্ষীরা।
৫। অভিযোগকারী, জনাব কার্তিক সরকার (০১৭৩৯-০০৪০৮৫), নগরঘাটা, তালা, সাতক্ষীরা।
৬। অফিস নথি।

১০-০৪-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

তাং

বরাবর,
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
যশোর।

বিষয় : সাতক্ষীরা জেলার তালা উপজেলার বঙ্গবন্ধু পেশাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়ের ( EIIN-119056) ম্যানেজিং কমিটি অবৈধ ভাবে গঠিত হওয়ায় উহা বিলুপ্তির জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিম্ন স্বাক্ষরকারী গনের বিনীত নিবেদন এই যে, আমরা অত্র বিদ্যালয়ের অভিভাবক বৃন্দ , এলাকাবাসী এবং বিগত ম্যানেজিং কমিটির সদস্য বৃন্দ হইতেছি। বর্তমান নবগঠিত ম্যানেজিং কমিটি দূনীতির কারনে নিম্ন লিখিত হেতু মূলে বিলুপ্তির জন্য আবেদন জানাইতেছি।

(১) পূর্বেকার এডহক কমিটির সিদ্ধান্ত ব্যতিরেকে বর্তমান কমিটি গঠিত হয়েছে।

(২) এডহক কমিটির সদস্যবৃন্দকে কোন দিন নোটিশ মারফত সভার জন্য আহবান করা হয় নাই বা মিটিং এর মাধ্যমে কোনা সিদ্ধান্ত হয় নাই।

(৩) বর্তমান কারচুপির মাধ্যমে নব গঠিত ম্যানিজং কমিটি গঠনের জন্য কোন মিটিং আহবান করা হয় নাই।

(৪)বর্তমান ম্যানেজিং কমিটির জন্য এডহক কমিটির সদস্যদের নিয়ে কোন তপসীল ঘোষনা করা হয় নাই বা রিটারনিং অফিসার নিয়োগের সিদ্ধান্ত গ্রহন করা হয় নাই।

(৫) জালিয়াতির মাধ্যমে নবগঠিত কমিটি সভাপতি প্রধান শিক্ষিকার আপন চাচা হওয়ায় এলাকাবাসী ও আভিভাবক বৃন্দ খুবই ক্ষুদ্ধ হইতেছে কেননা ইতিপূর্বে চাচা ভাতিজা কমিটি বহু অপকর্ম ও দূনীতিতে লিপ্ত ছিল।

(৬) প্রধান শিক্ষিকা স্কুলে উপস্থিত না থাকিয়া ও চাচা সভাপতির জোরে হাজিরা খাতায় পরে এসে স্বাক্ষর করেন। অনুরুপ ভাবে অন্যান্য সহকারী শিক্ষকরা এ সুযোগ গ্রহন করেন।

(৭) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে স্কুল থাকা সত্বেও স্কুলে কোন শহীদ মিনার না থাকায় শিক্ষার্থীরা ইট দিয়ে ভ্রাম্যমান শহীদ মিনার তৈরী করে শ্রদ্ধা নিবেদন করে আসছে । ইতি পূর্বে শিক্ষার্থীরা (২০১০ সালে ) তাদের নিজস্ব উদ্যেগে ৭০০০/= (সাত হাজার টাকা) উঠিয়ে শহীদ মিনার নির্মান করার জন্য প্রধান শিক্ষকের কাছে দিলে প্রধান শিক্ষক উক্ত টাকা শহীদ মিনার নির্মান না করে আত্মসাৎ করেন ।

(৮) প্রধান শিক্ষিকা কোন ক্লাস করেন না উপরোন্ত তার ফুফাতো ভাই (সহকারী শিক্ষক) কে নিয়ে ব্যক্তিগত কাজ মিটানোর জন্য স্কুল ত্যাগ করেন।

(৯) ইতিপূর্বে এডহক কমিটির সভাপতি বাবু লক্ষীকান্ত সরকারকে (৮নং ওয়ার্ড ইউপি সদস্য) ১২ মাসের বেতন ভাতা বিলে সহি করতে বলেন- কারন জানতে চাইলে প্রধান শিক্ষিকা বলেন আমার চাচা যখন সভাপতি ছিলেন তখন উনি বার মাসের বেতন ভাতা বিলে সহি একদিনে করতেন।



Scanned with CamScanner

২

(১০) ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত ব্যাতিরেকে স্কুলে মাঠে পাকা/ কাঁচা দোকান বসিয়ে তার ভাড়া প্রধান শিক্ষিকা আত্মসাৎ করেন।

(১১)সন্তানদের সমস্যা নিয়ে মতবিনিময় করতে অভিভাবকরা বিদ্যালয়ে গেলে প্রধান শিক্ষকাসহ অন্যান্য শিক্ষকরা তাদের সাথে খারাপ ব্যবহার করেন।

(১২) সভাপতির বাড়ি বিদ্যালয় থেকে তিন মাইল দূরে থাকায় অভিভাবক বৃন্দ সন্তানদের সমস্যা নিয়ে তার সাথে আলোচনা করতে পারেন না এমনকি সভাপতি নিজেও কোন খোঁজ খবর রাখতে পারেন না।

(১৪) শিক্ষকের খারাপ আচারনের কারনে ছাত্র/ছাত্রীরা শিক্ষকের সাথে কথা বলতে ভয় পায়।

(১৫) প্রতিবন্ধীসহ দুঃস্থ্য শিক্ষার্থীরা সুযোগ সুবিধা ও উপবৃত্তি থেকে বঞ্চিত।

(১৬) এডহক কমিটির আহব্বানে গত ০৪-০১-২০২২ ইং তারিখে বিদ্যালয়ের সকল অভিভাবকদের নিয়ে এক জরুরী সভার আহব্বান করা হয় । উক্ত সভায় সকল অভিভাবক জালিয়াতির মাধ্যমে নব গঠিত ম্যানেজিং কমিটি বিলুপ্তির জন্য জোর দাবি করেন । তার সত্বেও প্রধান শিক্ষক কোন পদক্ষেপ গ্রহন করেন নাই।

উল্লেখিত কারনে বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে।

সেমতে প্রার্থনা হুজুর দয়া প্রকাশে স্বীয় ক্ষমতাবলে উপরোক্ত বর্ননা ও অবস্থা মতে জালিয়াতির মাধ্যমে নবগঠিত কমিটি বিলুপ্তি করিয়া যথা নিয়মে নতুন ম্যানেজিং কমিটি গঠন পূর্বক বিদ্যালয়ের উন্নয়নওসুন্দর পরিবেশ সৃষ্টি করিতে জনাবের মর্জি হয়।

বিনীত নিবেদক

(অভিভাবকবৃন্দ ও এলাকাবাসী)

১। কার্ত্তিক সরকার - ০১৭৩৯ - ০০৪০৮৫
২। কমলাকান্ত মন্ডল - ০১৭৬০ - ২৬৬৫৬০
৩। রাহুল সরকার - ০১৭৪৫ - ৭৫০১৭৩০
৪। অজয় সরকার ০১৬৪৮-৪৬৮২০৬
৫। লক্ষ্মীকান্ত সরকার ০১৭৭৮ - ৮১৪৮১৬

Scanned with CamScanner